# হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ পরবর্তী একান্ত করনীয়

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

হজের পর যা করবেন

- হজের সফর শেষ করে নিজ মহল্লায় প্রবেশ করে বাড়িতে প্রবেশের পূর্বে নিকটস্থ এলাকার মসজিদে দুই রাকাত সালাত আদায় করুন।[1]
- হজের পর আল্লাহ ও আল্লাহর দীনের প্রতি বিশ্বাসে অটল থাকুন।
- ঈমানকে দৃঢ় ও আকীদাকে পরিশুদ্ধ করুন।
- অন্তরে আল্লাহভীতি রাখুন এবং মনে রাখুন এ জীবন একটি পরীক্ষা স্বরুপ।
- সালাত, সাওম ও যাকাত নিয়মিত ও সঠিকভাবে আদায় নিশ্চিত করুন।
- কুরআন ও হাদীসের শিক্ষা গ্রহণ করুন এবং সে অনুসারে আমল করুন।
- আপনার জীবনে কুরআন ও হাদীসের শিক্ষার প্রতিফলন ঘটান।
- আপনার পরিবারকেও সঠিকভাবে ইসলাম মেনে চলার জন্য বলুন।
- আল্লাহ তা‘আলার বার্তাবাহকের বার্তাবাহক হওয়ার চেষ্টা করুন।
- দীনের দাওয়াহ ও ইসলা করুন।
- পরিচিতদের হজ করতে উৎসাহিত করুন।
- উত্তম ও হালাল উপার্জন করুন।
- সকল পাপ থেকে বেঁচে থাকার চেষ্টা করুন।
- হাজী উপাধির অপব্যবহার না করা।
- হজের সময়ে আল্লাহর কাছে আপনি যা প্রতিশ্রুতি করেছেন এবং যা ক্ষমা চেয়েছেন সেগুলো মনে রাখুন।
- অন্যদের কাছে হজের অভিজ্ঞতার কথা বলতে গিয়ে সঠিক নয় বা অজানা এমন কিছু অতিরিক্ত না বলা।
- আমি হজ করে এসেছি এটা কোনো ভাবে প্রকাশের মাধ্যমে মানুষের কাছে থেকে সম্মান, ভালবাসা ও সহানুভূতি অর্জন করার চেষ্টা না করা।
- আপনার সামর্থ্য থাকলে আরেকবার হজের জন্য অথবা অন্য কারো বদলি হজের পরিকল্পনা করুন।

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ২৭৬৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=6568

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন